

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয়	ঃ সমাজকল্যাণ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।
সভার তারিখ	ঃ ৩০ জানুয়ারী, ২০২২ খ্রিঃ।
সময়	ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	ঃ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভাপতি	ঃ ছালেহা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।


মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলায় বিভিন্ন ধরনের ভাতা দিচ্ছে সরকার কিন্তু এসব ভাতা সম্পর্কে তাঁকে ও ভাইস চেয়ারম্যানকে অবগত করা হয় না কেন জানতে উপজেলা সমাজসেবা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন ভাতা সম্পর্কিত উপজেলা ও ইউনিয়ন কমিটি রয়েছে। উক্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ভাতা বন্টন করা হয় মর্মে তিনি জানান। ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা কমিটির সদস্য।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বন্টনে উপজেলা কমিটির সভা আহবান করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বন্টনে উপজেলা কমিটির সভা আহবান করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে তারিখ নির্ধারিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।


(ছালেহা বেগম)

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

তারিখঃ- ৩০/০১/২০২২ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৯- ১৬৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কার্যার্থে :

- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৫। উপজেলা অফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৬। চেয়ারম্যান, ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৭। সংরক্ষণ নথি।

Kamal

৩০.০১.২২

উপজেলা সমাজসেবা অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।